# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৬৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে ডান হাতের উপর বাম হাত রাখা মুস্তাহাব হওয়া প্রসঙ্গে হাদীস

## ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يُسْتَحَبُّ لِلْمَرْءِ مِنْ وَضْعِ اليمنى عَلَى الْيَسَارِ فِي صَلَاتِهِ

আরবী

1767 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّهُ سَمِعَ عَطَاءَ بْنَ أَبِي رَبَاحٍ يُحَدِّثُ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى الله عليه وسلم قَالَ: (إِنَّا مَعْشَرَ الْأَنْبِيَاءِ أُمرنا أَنْ نُؤَخِّرَ سُحُورَنَا ونُعجل فِطْرَنَا وَأَنْ نُمْسِكَ بِأَيْمَانِنَا عَلَى شمائلنا في صلاتنا)
الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1767 | خلاصة حكم المحدث: . صحيح ـ ((صفة الصَّلَاةِ)).
قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: سَمِعَ هَذَا الْخَبَرَ ابْنُ وَهْبٍ عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ وَطَلْحَةَ بْنِ عَمْرٍو عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ

বাংলা

১৭৬৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আমাদের নাবীদের এই নির্দেশ দেওয়া হয়েছে যে, আমরা সাহারী দেরিতে ভক্ষন করবো, ইফতার তাড়াতাড়ি করবো এবং আমরা সালাতে ডান হাত দিয়ে বাম হাত ধারণ করবো।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসটি ইবনু ওয়াহাব আমর বিন হারিস ও তালহা বিন আমর থেকে শ্রবণ করেছেন, তারা হাদীসটি বর্ণনাটি করেছেন আতা বিন আবী রাবাহ।”

ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ১১৪৮৫; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ২/১০৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সিফাতুস সালাত)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90983

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন